

# দৈনিক আমাদের সময়

## গাইড থেকে প্রশ্ন প্রণয়নকারী ৫ শিক্ষকের শান্তি

নিজস্ব প্রতিবেদক •  
জেএসসি পরীক্ষার প্রশ্নপত্র প্রণয়ন ও  
পরিশোধনের দায়িত্ব পালনে  
অযোগ্যতা ও অবহেলার কারণে ৫  
শিক্ষকের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা  
নিচ্ছে শিক্ষা মন্ত্রণালয়। অবিলম্বে  
অভিযুক্তদের দুর্গম স্থানে বদলি করে  
তাদের বিরুদ্ধে বিভাগীয় শাস্তির ব্যবস্থা  
করতে মাধ্যমিক ও উচ্চশিক্ষা  
অধিদপ্তরকে নির্দেশ দিয়েছে মন্ত্রণালয়।  
জেএসসি পরীক্ষায় বাংলা প্রথম  
পত্রে গাইড বই থেকে হুবহু প্রশ্নপত্র  
প্রণয়নের অভিযোগ পায় মন্ত্রণালয়।  
তারা সবাই কুমিল্লা শিক্ষা বোর্ডের  
অধীন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক।  
শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব  
চৌধুরী মুফাদ আহমদ গতকাল  
আমাদের এরপর পৃষ্ঠা ৯ কলাম ১

## গাইড থেকে প্রশ্ন

(৩ এর পৃষ্ঠার পর) সময়কে জানান,  
শিক্ষা বোর্ডের সুনির্দিষ্ট নির্দেশনা থাকা  
সত্ত্বেও বাজারে প্রকাশিত গাইড বই  
থেকে প্রশ্ন করায় এ ব্যবস্থা গ্রহণ করা  
হয়েছে।

অভিযুক্ত শিক্ষকরা হলেন প্রশ্ন  
প্রণয়নকারী ফেনী সরকারি পাইলট  
উচ্চবিদ্যালয়ের সহকারী শিক্ষক আবদুল  
ওহাব এবং প্রশ্ন পরিশোধনকারী কুমিল্লা  
জিলা স্কুলের সহকারী শিক্ষক রিজভা  
বড়ুয়া, কুমিল্লা ক্যাডেট কলেজের  
সহকারী অধ্যাপক নাদিরা ইয়াসমিন,  
চাঁদপুর হাসান আলী সরকারি  
উচ্চবিদ্যালয়ের সহকারী শিক্ষক নাছিম  
খানম ও নোয়াখালী সরকারি বালিকা  
উচ্চবিদ্যালয়ের সহকারী শিক্ষক মো.  
শামিম আক্তার।

অভিযুক্তরা যে গাইড বই থেকে  
প্রশ্নপত্র প্রণয়ন করেছেন, তারা ওই  
বইয়ের প্রত্নতকারক প্রতিষ্ঠানের সঙ্গে  
জড়িত কিনা- তা তদন্ত করবে শিক্ষা  
প্রশাসন। শিক্ষার্থীদের স্বজনশীলবিদ্যায়  
উৎসাহিত করতে সরকার নোট-গাইড  
নিষিদ্ধ করেছে।